

ঢাবিতে ‘প্রোডিজিস ৬.০’ বিজনেস পলিসি প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয় হিসাববিজ্ঞান ফোরামের (ইউডিএএফ)

আয়োজনে ‘প্রোডিজিস ৬.০ : ক্রাফটিং সলিউশন, ফোরজিং

লিডার্স’ শীর্ষক বিজনেস পলিসি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৬ জুলাই) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. আব্দুল্লাহ ফারুক

কনফারেন্স হলে এই প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব ও পুরস্কার

বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়।

প্রতিযোগিতায় মোট ৪১টি দল অংশ নেয়, যার মধ্যে ৮টি দল

চূড়ান্ত পর্বে উত্তীর্ণ হয়। দলগুলো হলো—প্রমিথিউস, টিম গোকু,

ক্যাশ ফ্লুয়েড, ডেড ক্যাপিটালিস্ট সোসাইটি, কোর কালেক্টিভ, দ্য

থিংক ট্যাংক, টিম মোপো এবং থিনসিস্ক।

এই দলগুলো তাদের অনন্য দৃষ্টিভঙ্গি ও বিশ্লেষণী দক্ষতার মাধ্যমে

উপস্থাপনা তুলে ধরে। প্রতিযোগিতায় ‘ক্যাশ ফ্লুয়েড’ বিজয়ী হয়,

‘টিম গোকু’ প্রথম রানারআপ এবং ‘ডেড ক্যাপিটালিস্ট সোসাইটি’

দ্বিতীয় রানারআপ হওয়ার গৌরব অর্জন করে।

এবারের আয়োজনের পৃষ্ঠপোষকতায় ছিল বসুন্ধরা এক্সারসাইজ

বুক এবং নিট ভ্যালি ফ্যাশনস লিমিটেড। প্রথমবারের মতো

প্রতিযোগিতাটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদের সব

বিভাগের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত করা হয়, যা এর পরিসরকে

আরো বাড়িয়েছে।

পুরো এই আয়োজনে মিডিয়া পার্টনার হিসেবে ছিল দৈনিক কালের

কণ্ঠ পত্রিকা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা

বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের চেয়ারপারসন অধ্যাপক

মো. মাকসুদুর রহমান সরকার। সম্মানিত অতিথি হিসেবে ছিলেন

সাফওয়ান বসুন্ধরা গ্লোবালের সিনিয়র এক্সিকিউটিভ (মার্কেটিং)

সাইয়েদ জুলকারনাইন এবং অ্যাকাউন্টিং অ্যালামনাই

অ্যাসোসিয়েশনের সভাপতি আহমেদ ইউসুফ আব্বাস। এ ছাড়া

উপস্থিত ছিলেন ইউডিএএফের মডারেটর ও হিসাববিজ্ঞান

বিভাগের অধ্যাপক আমিরুস সালাত।

আয়োজকরা জানান, এই প্রতিযোগিতা তাত্ত্বিক জ্ঞানকে বাস্তব

কেসের সঙ্গে সমন্বয় করে শেখার একটি অনন্য প্ল্যাটফর্ম।

এবারের পরিসর বৃদ্ধির ফলে অংশগ্রহণকারীদের শেখার অভিজ্ঞতা

আরো সমৃদ্ধ হয়েছে। ভিন্ন ভিন্ন ভাবনা, কৌশল এবং

আন্তঃবিভাগীয় সহযোগিতার মাধ্যমে এটি একটি দৃষ্টান্তমূলক
উদাহরণ সৃষ্টি করেছে। বিচারকদের বাস্তবমুখী প্রশ্ন এবং
প্রতিযোগীদের উপস্থাপনা এই আয়োজনকে নিজেকে প্রমাণের
একটি উৎকৃষ্ট মঞ্চে পরিণত করেছে।

বিচারকরা প্রতিযোগীদের বিশ্লেষণী দক্ষতা, সমস্যা সমাধানে
সৃজনশীলতা এবং আত্মবিশ্বাসী উপস্থাপনার ভূয়সী প্রশংসা করেন।

অতিথি ও শিক্ষকরা নেতৃত্ব বিকাশে এ ধরনের উদ্যোগের গুরুত্ব
তুলে ধরেন। পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান বসুন্ধরা এক্সারসাইজ বুক এবং
নিট ভ্যালি ফ্যাশনস লিমিটেড শিক্ষার্থীদের উদ্যম ও মেধার
প্রশংসা করে ভবিষ্যতে সহযোগিতার প্রতিশ্রুতি দেন।

ইউডিএএফের মডারেটর ও হিসাববিজ্ঞান বিভাগের অধ্যাপক
আমিরুস সালাত বলেন, “এই প্রতিযোগিতার উদ্দেশ্য শিক্ষার্থীদের
করপোরেট বিশ্বে এগিয়ে রাখা এবং প্রতিযোগিতায় টিকে থাকার
জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন। এটি তাদের সিভিকে সমৃদ্ধ করবে
এবং বিদেশে উচ্চশিক্ষার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
‘প্রোডিজিস’ শুধু একটি প্রতিযোগিতা নয়, এটি ভবিষ্যৎ নেতৃত্ব
গড়ার একটি সাহসী পদক্ষেপ।”

তিনি আরো বলেন, ইউডিএএফ এমন একটি প্রজন্ম গড়তে
দৃঢ়প্রতিজ্ঞ, যারা বইয়ের জ্ঞানের বাইরে গিয়েও সাহসিকতা,
চিন্তাশীলতা ও নেতৃত্বে এগিয়ে থাকবে।

অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল ‘অ্যাকাউন্টিং বুলেটিন’-এর
মোড়ক উন্মোচন। এই বুলেটিনের মোড়ক উন্মোচন করেন
হিসাববিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. মাকসুদুর
রহমান সরকার। আয়োজকরা জানান, এই বুলেটিন ত্রৈমাসিক
ভিত্তিতে প্রকাশিত হবে।